সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার এর ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন:

দপ্তর পরিচিতি	:	- ঢাকা মহানগরীর শাহবাগ এলাকায় ৩.০২ একর জমির উপর গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার অবস্থিত। উক্ত স্থানে নবনির্মিত বহুতল ভবনের কাজ চলমান রয়েছে। বর্তমানে রমনাস্থ আইইবি ভবনের ভাড়াকৃত বারো ও তেরো তলায় এর কার্যক্রম পরিচালিত হচ্ছে।
উল্লেখযোগ্য কর্মকান্ড	:	- পাঠকের কাঙ্খিত পাঠসামগ্রী দ্রুততম সময়ে পেতে সহায়তা করা। - গ্রন্থাগারের সদস্যগণকে নিয়মিতভাবে পুস্তক লেনদেন সেবা প্রদান করা। - ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন, ২১ ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন, ঐতিহাসিক ৭ ই মার্চ ২০২৪ উপলক্ষে আবৃত্তি ও চিত্রাংকন, ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে চিত্রাংকন, ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা, বাংলা নববর্ষ ২০২৪ উপলক্ষে মাটির পুতুল /ঘর/নৌকা ইত্যাদি তৈরি আল্পনা আকাঁ এবং ঘুড়ি তৈরি প্রতিযোগিতা, ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উপলক্ষে বইপাঠ, চিত্রাংকন এবং রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন এবং সকল প্রতিযোগীদেরকে সনদ ও পুরস্কার প্রদান। - ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন। - স্টকটেকিং ও ছাঁটাই এর কাজ চলমান রয়েছে। - গণগ্রন্হাগার অধিদপ্তরের মহাপরিচালক এবং সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের পরিচালক এর মধ্যে ১৮.০৬.২০২৩ তারিখ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২৩-২০২৪ স্বাক্ষরিত হয়।
আইসিটি সংক্রান্ত তথ্য	:	- KOHA সফটওয়্যার ব্যবহার করে পুস্তক ধার সেবা প্রদান - সফটওয়্যার ব্যবহার করে পাঠকদের রেজিস্ট্রেশনের মাধ্যমে ই-টোকেন প্রদান। - ই-বুক এর কাজ চলমান রয়েছে।
ডি-নথিতে পত্র জারি ও নোট নিষ্পত্তি		- গণগ্রন্থাগার অধিদপ্তরের সাথে সমন্বয় পূর্বক ডি-নথিতে কার্যাদি সম্পন্ন করা হয়।

২৯/১/২৪

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অর্জন	:	- ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, এপিএ এর আওতাভূক্ত সিটিজেন চার্টার, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার এবং শুদ্ধাচার কৌশল ইত্যাদি যথাযথভাবে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে তথ্য অধিকার সংক্রান্ত ১১টি তথ্য সংশ্লিষ্ট চাহিদাকারীদেরকে প্রদান করা হয়েছে।
জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্য	:	- কোয়ার্টার ভিত্তিক নৈতিকতা ও অংশীজনের সভা এবং মতবিনিময় সভার আয়োজন - সেবা গ্রহীতার মতামত সংরক্ষণে পাঠকক্ষে রেজিস্টার প্রদান।
পুস্তক প্রক্রিয়াকরণ সংক্রান্ত তথ্য	:	- অধিদপ্তর হতে ২০২৩-২৪ অর্থবছরে ২৩২২ টি বই অন্তর্ভূক্তি করা হয়েছে এবং Koha সফটওয়ারের মাধ্যমে পুস্তক ডাটাবেজ সম্পন্ন করে ক্যাটালগ করা হয়েছে। পরবর্তীতে এই বইগুলি পাঠকক্ষে সরবরাহের কাজ চলছে। এছাড়াও ওয়েবসাইটের ই-বুকে ১৯৯০টি বই সেবা প্রদান করা হয়েছে।
বইমেলা সংক্রান্ত তথ্য	:	- বাংলা একাডেমি চত্বরে জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত ১০ (দশ) দিনব্যাপী বইমেলায় অংশগ্রহণ এবং জাতীয় শোক দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক আইইবি ভবন চত্বরে তিন দিনব্যাপি পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়।
যোগাযোগ	:	- আইইবি ভবন, রমনা, ঢাকা।
উল্লেখযোগ্য ছবি		- ই-মেইলে ০৪ (চার) কপি ছবি প্রেরণ করা হয়েছে।

২৭/১/২৪

মোঃ শহীদুল আলম
সহকারী পরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর
ঢাকা।